# পদ্মায় বাসডুবিতে ২৬ মরদেহ উদ্ধার, আপাতত অভিযান স্থগিত



সংগৃহীত ছবি

রাজবাড়ীর দৌলতদিয়ায় পদ্মা নদীতে বাসডুবির ঘটনায় উদ্ধার কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, নতুন করে নিখোঁজের তথ্য পাওয়া গেলে আবারও অভিযান শুরু হবে। এখন পর্যন্ত এ দুর্ঘটনায় ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৬ মার্চ) দুপুর ১টার দিকে ফরিদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহকারী পরিচালক মোহাম্মদ বেলাল উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

এর আগে বুধবার বিকেল সাড়ে ৫টার দিকে দৌলতদিয়ার ৩ নম্বর ফেরিঘাটে এ দুর্ঘটনা ঘটে। ফেরিতে ওঠার সময় নিয়ন্ত্রণ হারিয়ে সৌহার্দ্য পরিবহনের একটি যাত্রীবাহী বাস পন্টুন থেকে সরাসরি নদীতে পড়ে যায় এবং দ্রুত তলিয়ে যায়।

ঘটনার পর কিছু যাত্রী পানিতে ভেসে উঠে প্রাণে বাঁচলেও অধিকাংশই ডুবে যান। প্রায় ছয় ঘণ্টার টানা চেষ্টায় বাসটি উদ্ধার করা হয়। পরে তল্লাশি চালিয়ে একে একে মরদেহগুলো উদ্ধার করা হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, বাসটিতে আনুমানিক ৪০ থেকে ৪৫ জন যাত্রী ছিলেন। ফেরিতে ওঠার আগে কয়েকজন নেমে গেলেও বেশিরভাগ যাত্রী তখনও বাসের ভেতরে অবস্থান করছিলেন। শুরুতে উদ্ধার হওয়া দুই নারীকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

দুর্ঘটনার কারণ খতিয়ে দেখতে রাজবাড়ীর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে একটি এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের নেতৃত্বে আরেকটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উভয় কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

LENS ASIA